অ্যাটর্নি জেনারেল অব নিউ ইয়র্ক লেটিশিয়া জেমস

প্রিয় নিউ ইয়র্কবাসীগণ,

বেতনের অসাম্য কয়েক প্রজন্ম ধরে লিঙ্গসাম্যের লড়াইকে দুর্বল করেছে। একই কাজ সম্পাদনের জন্য মহিলাদের প্রায়শই বেতন কম দেওয়া হয় এবং প্রথাগতভাবে মহিলাদের দ্বারা সম্পাদিত কাজগুলির জন্যও ক্ষতিপূরণ দেওয়া হয় না। এর ফলে, মহিলারা তাদের গোটা কর্মজীবন জুড়ে অন্যায্য ও অপ্রতুল বেতনের এক চক্রের মধ্যে পড়ে যান।

এই পক্ষপাতদুষ্ট বেতন মহিলাদের নিজেদের বা পরিবারের জন্য বাড়ি কেনার বা অবসর জীবনের জন্য সঞ্চয় করার সক্ষমতার উপর এক ক্ষতিকর প্রভাব ফেলে। নিউ ইয়র্কে, পুরুষদের প্রতি ডলার পিছু মহিলাদের 88 সেন্ট প্রদান করা হয়। আমাদের স্টেটে এই পার্থক্য অশ্বেতাঙ্গ মহিলাদের ক্ষেত্রে আরও নাটকীয়। শ্বেতাঙ্গ পুরুষদের প্রতি ডলার পিছু কৃষ্ণাঙ্গ মহিলাদের 63 সেন্ট ও লাতিন মহিলাদের 56 সেন্ট প্রদান করা হয়। এই আতঙ্ক সৃষ্টিকারী পরিসংখ্যান এমন এক বাস্তবকে প্রতিফলিত করে যার বদল আবশ্যক।

আমি কর্মস্থলে পক্ষপাতহীন বেতনের জন্য লড়াই করতে অঙ্গীকারবদ্ধ। এই ইস্তেহারে নতুন ও বিদ্যমান আইনের অধীনে আপনার অধিকারগুলিকে দৃষ্টিগোচর করা হয়েছে, যার লক্ষ্য হল বেতনের অসাম্যে অবদান রাখা বাধাগুলিকে ভেঙে ফেলা এবং আইন লঙ্ঘন করলে নিয়োগকর্তাদের কৈফিয়ত দিতে বাধ্য করা।

বিনীত,

Letitia James

সংস্থানসমূহ

নিউ ইয়র্ক স্টেট এর অ্যাটর্নি জেনারেলের দপ্তরের নাগরিক অধিকার ব্যুরো

28 Liberty Street
New York, NY 10005

কর্মীদের সমতায় নিয়োজিত কর্মীদল:

(212) 416-8700
TaskForceforWorkersEquality@ag.ny.gov
ag.ny.gov

নিউ ইয়র্ক স্টেট এর শ্রম বিভাগ, শ্রম মান শাখা

Bldg. 12, Rm. 266B,
State Office Campus
Albany, NY 12240

(888) 469-7365

labor.ny.gov/home

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশন

40 Rector Street, 10th Floor
New York, NY 10006

(718) 722-3131

www1.nyc.gov/site/cchr/about/contact-us.page

এই ইস্তেহারে থাকা তথ্য কেবলমাত্র তথ্যের উদ্দেশ্যেই, এবং এর উদ্দেশ্য কোনও বিশেষ পরিস্থিতিতে আইনি পরামর্শ হিসেবে দেওয়া বা নির্ভর করা নয়।

English

সমান বেতন

আপনার অধিকারগুলি জানুন

নিউ ইয়র্ক স্টেট এর অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস এর দপ্তর

আপনার অধিকারগুলি জানুন

"উল্লেখযোগ্যভাবে অনুরূপ" কাজের জন্য আপনার সমান বেতনের অধিকার রয়েছে।

স্টেটের আইনের অধীনে, উল্লেখযোগ্যভাবে অনুরূপ কাজের জন্য আপনার সমান বেতনের অধিকার রয়েছে—আপনার বয়েস, জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, মূল জাতি, যৌন পছন্দ, যৌন পরিচয় বা প্রকাশ, সামরিক স্থিতি, লিঙ্গ, প্রতিবন্ধকতা, জিনগত ইতিহাস, পারিবারিক স্থিতি, বৈবাহিক স্থিতি বা গৃহহিংসার শিকার হওয়ার স্থিতি নির্বিশেষে। কাজ উল্লেখযোগ্যভাবে অনুরূপ হওয়া নির্ভর করে সেই কাজের জন্য দক্ষতা, প্রয়াস ও দায়িত্বের প্রয়োজনের উপর এবং কাজটি অনুরূপ অবস্থায় করা হচ্ছে কিনা তার উপর।

প্রবীণত্ব, যোগ্যতা, উৎপাদনের পরিমাণ বা গুণমান অথবা আপনার সুরক্ষিত শ্রেণী (অর্থাৎ, আপনার লিঙ্গ বা জাতির) ছাড়া শিক্ষা, প্রশিক্ষণ বা অভিজ্ঞতার মতো অন্য কোনও কারণের ভিত্তিতে বেতনের পার্থক্য করার অনুমতি রয়েছে।

আপনার নিজের সহকর্মীদের সঙ্গে আপনার বেতন নিয়ে আলোচনা করার অধিকার রয়েছে।

স্টেটের আইনের অধীনে আপনার নিয়োগকর্তা আপনাকে অন্য কোনও কর্মচারীর কাছে তাদের বেতন নিয়ে জিজ্ঞাসা করতে, আপনার বেতন নিয়ে অন্য কোনও কর্মচারীর সঙ্গে আলোচনা করতে অথবা আপনার বেতন অন্য কোনও কর্মচারীর কাছে প্রকাশ করতে বারণ করতে পারেন না। যদিও, আপনার নিয়োগকর্তা এই আলোচনা কখন, কোথায় বা কীভাবে হতে পারে তার উপর যুক্তিসঙ্গত সীমাবদ্ধতা আরোপ করতে পারেন। এই সুরক্ষা বেতন সংক্রান্ত স্বচ্ছতা নিশ্চিত করতে সাহায্য করে, যাতে আপনি আরও সহজে আপনার কর্মস্থলে বেতনের বেআইনি পার্থক্য সনাক্ত করতে পারেন।

আপনাকে আপনার বেতনের ইতিহাস প্রকাশ করতে হবে না।

স্টেটের আইনের অধীনে, আপনার নিয়োগকর্তা বা সম্ভাব্য নিয়োগকর্তা আপনার বা আপনার বর্তমান বা জিজ্ঞাসা করতে, আপনার বেতন নিয়ে অন্য কোনও কর্মচারীর সঙ্গে আলোচনা করতে অথবা আপনার বেতন বা চাকরিতে পদোন্নতি দেওয়ার শর্ত হিসেবে আপনার বেতনের ইতিহাস প্রদান করতে বলতে পারেন না। এই সুরক্ষা এটা নিশ্চিত করতে সাহায্য করে যে, এমনকি আপনাকে আগেকার পদে ন্যায্য মজুরি না পেয়ে থাকলেও যেন সেই অন্যায্য মজুরি কোনও নতুন পদে আপনার ক্ষতিপূরণকে সীমায়িত করতে না পারে।

আপনার ক্ষতিপূরণ পাওয়ায় ইচ্ছাকৃত বৈষম্য থেকে মুক্ত থাকার অধিকার রয়েছে।

যুক্তরাষ্ট্রীয়, স্টেটের ও স্থানীয় আইনেও লিঙ্গ, জাতি, ধর্ম, মূল জাতি, বয়স, প্রতিবন্ধকতা বা অন্যান্য সুরক্ষিত শ্রেণীগুলির ভিত্তিতে ক্ষতিপূরণ পাওয়ায় ইচ্ছাকৃত বৈষম্য নিষিদ্ধ করে। উপরে বর্ণিত আইনগুলির অধীনে সমান বেতনের দাবি এবং যুক্তরাষ্ট্রীয়, স্টেটের এবং/অথবা স্থানীয় বৈষম্য বিরোধী আইনের অধীনে একটি বৈষম্যের দাবি জানানো উভয়ই একত্রে করা সম্ভব।

আপনি যদি মনে করেন যে আপনার প্রতি বৈষম্য হয়েছে এবং একটি দাবি দায়ের করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার বিকল্পগুলি ও সময়সীমা সম্পর্কে তথ্যের জন্য একজন অ্যাটর্নির সঙ্গে পরামর্শ করুন ও আমাদের দপ্তরের চাকরিতে বৈষম্য সংক্রান্ত ইস্তেহার দেখুন: ag.ny.gov/employee-discrimination

আপনি প্রতিশোধমূলক আচরণের থেকে সুরক্ষিত।

আপনি অসম বেতন বা বৈষম্যের অভিযোগ জানানোর, আপনার সহকর্মীর সঙ্গে বেতন নিয়ে আলোচনা করার অথবা আপনার বেতনের ইতিহাস প্রদান না করার জন্য আপনার নিয়োগকর্তার আপনার বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ করা বেআইনি।

আপনি যদি মনে করেন যে আপনার প্রতি বৈষম্য হয়েছে এবং একটি দাবি দায়ের করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার বিকল্পগুলি ও সময়সীমা সম্পর্কে তথ্যের জন্য একজন অ্যাটর্নির সঙ্গে পরামর্শ করুন ও আমাদের দপ্তরের চাকরিতে বৈষম্য সংক্রান্ত ইস্তেহার দেখুন

একটি অভিযোগ দায়ের করা

আপনার কোনও বেতন সাম্যের লঙ্ঘনের অভিজ্ঞতা হলে, কোনও নিয়োগকর্তা আপনার বেতনের ইতিহাস জানতে চাইলে অথবা আপনার কর্মস্থলে বেতন নিয়ে আলোচনা নিষিদ্ধ করলে অথবা আপনার তৎসংক্রান্ত কোনও প্রতিশোধমূলক আচরণের অভিজ্ঞতা হয়ে থাকলে; আপনার হাতে আপনার নিজস্ব আইনি মামলা দায়ের করা বা আপনার নিয়োগকর্তার কাছে অভিযোগ জানানো ছাড়াও বিভিন্ন বিকল্প রয়েছে। আপনি যা যা করতে পারেন:

- নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেলের দপ্তরের কর্মীদের সমতায় নিয়োজিত কর্মীদলের কাছে একটি অভিযোগ দায়ের করতে পারেন: (212) 416-8700 বা TaskForceforWorkersEquality@ag.ny.gov, অথবা এখানে অনলাইনে একটি অভিযোগের ফর্ম পূরণ করতে পারেন: ag.ny.gov/labor-complaint

  অনুগ্রহ করে লক্ষ্য করুন: নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেলের দপ্তরে একটি অভিযোগ দায়ের করা অন্য কোনও সংস্থার বা আদালতের সময়সীমা পরিপূরণ করে না।

  নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেলের দপ্তর অনেক মানুষকে প্রভাবিত করে এমন বেআইনি আচরণের প্যাটার্ন বা নীতির অভিযোগ নিয়ে আসা অভিজ্ঞের তদন্ত করে এবং আদালতে অভিযুক্ত করে। দপ্তরটি কোনও ব্যক্তির প্রতিনিধিত্ব করে না এবং নিউ ইয়র্ক স্টেট সংস্থাগুলির বিরুদ্ধে মামলা লড়ে না। যদিও, আপনি যদি মনে করেন যে অন্যান্য চাকুরিপ্রার্থীদের বা কর্মচারীদেরও সেই একই নিয়োগকর্তার দ্বারা অনুরূপ অধিকার লঙ্ঘনের অভিজ্ঞতা হচ্ছে, তাহলে অনুগ্রহ করে একটি অভিযোগ দায়ের করে আমাদেরকে জানান।

- নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ, শ্রম মান শাখার কাছে একটি অভিযোগ দায়ের করতে পারেন:

  (888)-4-NYSDOL or (888) 469-7365

- নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশনের কাছে

  (718) 722-3131 নম্বরে ফোন করে অথবা www1.nyc.gov/site/cchr/media/salary-history.page-এ একটি অভিযোগ দায়ের করতে পারেন